

## ■ সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৭৩৪

৩/ আযান ও তার সুন্নাত (كتاب الأذان والسنّة فيها)

পরিচ্ছেদঃ ৩/৭. তুমি মসজিদে থাকা অবস্থায় আযান হলে, সেখান থেকে বের হয়ে চলে যেও না।

بَابِ إِذَا أُذِنَ وَأَنْتَ فِي الْمَسْجِدِ فَلَا تَخْرُجْ

আরবী

حَدَّثَنَا حَرَمَلَةُ بْنُ يَحْيَى، حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ وَهْبٍ، أَبْنَاءُنَا عَبْدُ الْجَبَارِ بْنُ عُمَرَ، عَنِ ابْنِ أَبِي فَرْوَةَ، عَنْ مُحَمَّدِ بْنِ يُوسُفَ، مَوْلَى عُثْمَانَ بْنِ عَفَانَ عَنْ أَبِيهِ، عَنْ عُثْمَانَ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ - صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - "مَنْ أَدْرَكَهُ الْأَذَانُ فِي الْمَسْجِدِ ثُمَّ خَرَجَ لَمْ يَخْرُجْ لِحَاجَةٍ وَهُوَ لَا يُرِيدُ الرَّجْعَةَ فَهُوَ مُنَافِقٌ" .

বাংলা

২/৭৩৪। উসমান (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ মসজিদে আযান হয়ে যাওয়ার পর যে ব্যক্তি বিনা প্রয়োজনে বেরিয়ে যাবে এবং তার ফিরে আসার ইচ্ছা নাই সে মুনাফিক।

## English

It was narrated that 'Uthman said:

"The Messenger of Allah said: 'Whoever hears the Adhan when he is in the mosque, then goes out and does not go out for any (legitimate) need and does not intend to return, is a hypocrite.'" .

## ফুটনোট

তাহকীক আলবানী: সহীহ। তাখরীজ আলবানী: সহীহাহ ২৫১৮। উক্ত হাদিসের রাবী আবদুল্লাহ বিন জাবার বিন উমার সম্পর্কে মুহাম্মাদ বিন সাদ সিকাহ বললেও ইয়াহইয়া বিন মাঝিন তাকে দুর্বল বলেছেন। ইমাম বুখারী বলেন, তিনি একাধিক মুনকার হাদিস বর্ণনা করেছেন। আয় যাহলী বলেন, তিনি খুবই দুর্বল। আবু হাতিম আর-রায়ী বলেন, তিনি হাদিস বর্ণনায় দুর্বল ও মুনকার। ২. ইবনু আবু ফারওয়াহ সম্পর্কে আহমাদ বিন হাস্বল বলেন, আমার মতে তার থেকে হাদিস বর্ণনা করা ঠিক নয়। ইয়াহইয়া বিন মাঝিন বলেন, তিনি সিকাহ নন বরং মিথ্যক। আলী ইবনুল মাদীনী বলেন, তিনি হাদিস বর্ণনায় মুনকার। আমর বিন ফাল্লাস ও আবু যুরআহ আর-রায়ী বলেন,

তার হাদিস প্রত্যাখ্যানযোগ্য। ইমাম বুখারী বলেন, হাদিস বিশারদগণ তাকে প্রত্যাখ্যান করেছেন। উক্ত হাদিসটি শাহিদ এর ভিত্তিতে সহিত।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ উসমান ইবন আফফান (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=10952>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন